



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২০ ফেব্রুয়ারি ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

মিতালি চাকমার বাবা-মা সহ ৩ গ্রামবাসীকে আটকের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ বুধবার, ২০ ফেব্রুয়ারি ২০১৯ সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে সেনাবাহিনীর হেফাজতে থাকা গৃহবধু মিতালি চাকমা'র বাবা-মা সহ ৩ গ্রামবাসীকে আটকের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং অবিলম্বে তাদের মুক্তি দেয়ার দাবি করেছেন।

বিবৃতিতে তিনি বলেন, গতকাল মঙ্গলবার (১৯ ফেব্রুয়ারি) বিকাল ৩টার সময় একদল সেনা সদস্য রাঙামাটির সাপছড়ি ইউপি'র বোধিপুর গ্রামে গিয়ে মিতালি চাকমার বাবা **ধনমনি চাকমা**, মা **রূপনা চাকমা** ও গ্রামের কার্বারী বিজয় কুমার চাকমার ছেলে **পুতুল চাকমাকে** আটক করে নিয়ে যায়। আটকের পর তাদেরকে কোথায় নিয়ে যাওয়া হয়েছে তা এখনো জানা যায়নি।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা অবিলম্বে আটক গ্রামবাসীদের নিঃশর্ত মুক্তি দেয়ার দাবি জানান।

উল্লেখ্য, গত বছর ১৭ নভেম্বর রাতে সেনাবাহিনীর সদস্যরা কুদুকছড়ির ডুলুছড়ি গ্রামের শ্বশুর বাড়ি থেকে মিতালি চাকমাকে তার স্বামী সঞ্জীব চাকমা, শ্বশুর প্রসন্ন কুমার চাকমা ও শ্বশুরী সুনন্তা চাকমাসহ আটক করে। এরপর সেনারা মিতালি চাকমাকে নিজেদের হেফাজতে নিয়ে গিয়ে বাকীদের কারাগারে প্রেরণ করে। এরপর থেকে মিতালি চাকমা এখনো সেনাবাহিনীর হেফাজতে রয়েছে।

উক্ত ঘটনার পর ২ ডিসেম্বর মিতালির বাবা ধনমনি চাকমা, মা রূপনা চাকমাসহ পরিবারের সদস্যরা মিতালি চাকমাকে উদ্ধারের দাবি জানিয়ে জাতীয় মানবাধিকার কমিশনে বরাবরে স্মারকলিপি দিয়েছিলেন। কিন্তু মিতালি চাকমাকে এখনো ফিরে পায়নি তার পরিবার।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।